

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
প্রশাসন শাখা

www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০০৮.৯৯.০০৪.১৫-৪৬৮

তারিখঃ ১৭ জ্যেষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
৩১ মে ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাননীয় মন্ত্রীর সাথে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব, জ্যেষ্ঠ কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন দপ্তর সংস্থাসমূহের প্রধানগণের ভিডিও কনফারেন্সিং-এর নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবজনিত কারণে সরকার ঘোষিত দীর্ঘ ছুটি শেষে ৩১.০৫.২০২০ তারিখ অফিস শুরুর প্রথম দিন রবিবার বেলা ১১.৩০ ঘটিকায় মাননীয় মন্ত্রীর সাথে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব, জ্যেষ্ঠ কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণের ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। সচিব মহোদয় সূচনা বক্তব্যে মাননীয় মন্ত্রীকে উপস্থিত সকলের পক্ষ হতে ঈদের শুভেচ্ছা জ্ঞাপন করে সংক্ষেপে উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন, সম্প্রতি সামুদ্রিক ঝড় ‘আক্ষান’ এর আঘাতে খুলনা সড়ক জোনের মহাসড়ক নেটওয়ার্কের ক্ষয়-ক্ষতি, বাস চলাচল বন্ধ থাকায় বিআরটিসি’র আয়ের সংকট, ১ জুন তারিখ হতে সরকারি নির্দেশনার অনুসরণে গণপরিবহন চালুসহ এ বিভাগের জরুরি বিষয়সমূহ মাননীয় মন্ত্রীকে অবহিত করেন। তিনি বলেন, প্রতিকূল অবস্থায়ও ৩০ এপ্রিল, ২০২০ সময়ে এডিপি বাস্তবায়নের পরিমাণ ৫৪.১৫%, যা জাতীয় গড় (৪৯.১৩%) অপেক্ষা বেশী।

২.০ মাননীয় মন্ত্রী সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে ঈদের শুভেচ্ছা জানান এবং সার্বিক পরিস্থিতি অবহিত হন। তিনি বলেন বিরূপ পরিস্থিতিতেও জাতীয় গড়ের চেয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের এডিপি বাস্তবায়ন হার বেশী, এটি অত্যন্ত আশাব্যঞ্জক। তিনি এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীর সুস্থতা সম্পর্কে খোঁজ-খবর নেন এবং সামনের দিনগুলোতে নিজেদের সচেতনতা দিয়ে স্বাস্থ্য বিধি মেনে বিগত প্রায় আড়াই মাসের ক্ষতি পুষিয়ে নেয়ার আহ্বান জানান। তিনি সবাইকে আন্তরিকতার সাথে কর্ম-সম্পাদনের অরনুরোধ করে আশাবাদ ব্যক্ত করে বলেন, “দেশরত্ন মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা এ সংকট কাটিয়ে উঠবো, ইনশাআল্লাহ”। অতঃপর মাননীয় মন্ত্রী উপস্থিত সকল কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য সদয় নির্দেশনা প্রদান করেনঃ

২.১ করোনা ভাইরাস হতে মুক্ত থাকার লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারি সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি অনুসরণ করবেন এবং নিজেদের ব্যক্তিগত সচেতনতার মাধ্যমে নব উদ্যোগে, নতুন বাস্তবতায় পরিবর্তিত প্রেক্ষাপটে নিরাপদে দাপ্তরিক কাজ-কর্ম সম্পাদন করবেন;

২.২ জনগণের কষ্টার্জিত অর্থের সর্বোচ্চ সদ্যবহার নিশ্চিতকল্পে অবিলম্বে পিএমপি কাজের অগ্রাধিকার নির্ধারণ করাসহ চলমান সকল উন্নয়ন কাজ যথাযথ মান বজায় রেখে দ্রুত শেষ করতে হবে;

২.৩ প্রায় দুই মাস বন্ধ থাকার কারণে পিঁছিয়ে পড়া অগ্রাধিকার তালিকাভুক্ত প্রকল্পসমূহের কাজে গতি সঞ্চারণ করতে হবে এবং মাঠ পর্যায়ের কাজ নিবিড়ভাবে মনিটরিং করতে হবে;

২.৪ যে সকল প্রকল্পে দেশী-বিদেশী শ্রমিকরা সম্পৃক্ত রয়েছেন সেখানে স্বাস্থ্য বিধির প্রয়োগ নিশ্চিত করতে হবে। কাজের গতিশীলতা ধরে রাখতে ঠিকাদাররা যাতে নিয়োজিত শ্রমিকদের যথাসময়ে পরিশ্রমিক প্রদান করেন সে বিষয়েও প্রকল্প পরিচালকগণকে যথাযথ ভূমিকা রাখতে হবে;


চলমান পাতা-২

২.৫ আসন্ন বর্ষা মৌসুমে দেশের মহাসড়ক নেটওয়ার্ক নির্বিঘ্ন রাখার জন্য টিমওয়ার্কের মাধ্যমে পূর্বের ন্যায় তাৎক্ষণিকভাবে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে;

২.৬ গণপরিবহন বন্ধ থাকায় বিআরটিসি'র আয়ের পথও বন্ধ ছিল। ফলে শ্রমিক কর্মচারীদের বেতন পরিশোধে সমস্যা সৃষ্টি হয়েছে। সরকারের আর্থিক সহায়তায় অর্থ সংকটের প্রাথমিক সমাধান হলেও ভবিষ্যত পদক্ষেপসমূহ বিবেচনা করে প্রস্তাবনা প্রস্তুত করতে হবে;

২.৭ সাধারণ মানুষের কথা চিন্তা করে সরকার পরিবহন সেक्टरের প্রতিনিধিসহ সংশ্লিষ্টদের সাথে আলোচনার মাধ্যমে স্বাস্থ্য বিধি মেনে আগামী ১ জুন হতে সীমিত পরিসরে গণপরিবহন চালুর সিদ্ধান্ত গ্রহণ করেছে। গত ২০১৬ সালের পর গণপরিবহনের ভাড়া বৃদ্ধি করা হয়নি। স্বাস্থ্য বিধি অনুসরণ করে গণপরিবহন পরিচালনা করার ক্ষেত্রে যাত্রী সংখ্যা হ্রাস ও অন্যান্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য বাস মালিক-শ্রমিকদের পক্ষ হতে বাস ভাড়া ৮০% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, যা নিয়ে সাধারণ মানুষের মাঝে বিরূপ প্রতিক্রিয়া রয়েছে। বর্তমানে বিশেষ পরিস্থিতিতে শুধুমাত্র করোনাকালীন সময়ের জন্য এ প্রস্তাবটি পর্যালোচনাপূর্বক মন্ত্রণালয় হতে হ্রাসকৃত হারে একটি ভাড়া বৃদ্ধি সংক্রান্ত প্রজ্ঞাপন অবিলম্বে জারী করতে হবে।

৩.০ এ পরিপ্রেক্ষিতে উপরোক্ত নির্দেশনাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৫/৫/২০২০
(মোহাঃ লিয়াকত আলী খান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৪১২৮, ফ্যাক্স: ৯৫৮৫১৩৮

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
০৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
০৫. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
০৬. যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. উপসচিব/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯. অফিস কপি

অনুলিপিঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ